



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

EIIN: 134595

Web Site: [www.bgcc.edu.bd](http://www.bgcc.edu.bd)

E-mail: [bgccchittagong@gmail.com](mailto:bgccchittagong@gmail.com)

স্মারক নম্বরঃ বাসক/২০২৫/০৬/৮৩

তারিখঃ ০৩/০৭/২০২৫

### ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাকলিয়া সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের (সকল বিষয়ে উত্তীর্ণ, বিবেচনায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা) আগামী ০৫/০৭/২০২৫ তারিখ থেকে ২০/০৭/২০২৫ তারিখের মধ্যে অনলাইনে ভর্তি ফি (সেশন ফি) জমা দেওয়ার নির্দেশ দেওয়া হল। ভর্তি কার্যক্রম ও ফি জমাদান কলেজ ওয়েবসাইট [www.bgcc.edu.bd](http://www.bgcc.edu.bd) থেকে পরিচালিত হবে।

#### ❖ ভর্তি ফি (বিকাশের ১.৫০% অনলাইন চার্জ ব্যতীত):

অনলাইন ভর্তি	বিজ্ঞান বিভাগ	ব্যবসায় শিক্ষা বিভাগ	মানবিক বিভাগ
০৫/০৭/২০২৫ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ২০/০৭/২০২৫ তারিখ দুপুর ১২:০০ টা পর্যন্ত	৩,৫৮৪/-	৩,২৯৯/-	৩,১৯৯/-

❖ কলেজ ওয়েবসাইট [www.bgcc.edu.bd](http://www.bgcc.edu.bd) ব্যবহার করে অনলাইনে ভর্তির নিয়মাবলিঃ

(কম্পিউটার অথবা মোবাইল ফোন ব্যবহার করে আবেদন করা যাবে। অনলাইনে ভর্তি প্রক্রিয়ায় জটিলতা নেই বিধায় বিকাশ একাউন্ট থাকলে শিক্ষার্থী নিজে নিজে আবেদন করতে পারবে।)

১. বাকলিয়া সরকারি কলেজ চট্টগ্রাম এর ওয়েবসাইট [www.bgcc.edu.bd](http://www.bgcc.edu.bd) তে যেতে হবে।

২. ওয়েবসাইটের Home page এর **PAYMENT** গিয়ে **ADMISSION AND FORM FILL-UP** নির্বাচন করতে হবে।

৩. Payment Collection এর ডপডাউন মেনু থেকে **HSC 2nd Year Admission/ Session charge- 2024-2025** থেকে Apply Now এ ক্লিক করতে হবে।

৪. Department এর ক্ষেত্রে যে বিভাগের শিক্ষার্থী সেই বিভাগ (Science Group/Business Studies Group/Humanities Group) নির্বাচন করবে, **Board** এর ক্ষেত্রে সবাইকে **Chittagong** বোর্ড সিলেক্ট করতে হবে, **Class Roll** এর ক্ষেত্রে ১০(দশ) সংখ্যার ক্লাস রোল দিতে হবে এবং রেজিস্ট্রেশন নম্বরের ক্ষেত্রে **SSC Registration No** এবং **Payment Type** থেকে Bkash Payment সিলেক্ট করে Verify আইকনে ক্লিক করলে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থী হলে Next অপশন আসবে।

৫. Next এ ক্লিক করলে ভর্তি ফর্ম open হবে।

৬. সকল তথ্য দেওয়ার পর Save option ক্লিক করলে ভর্তি ফি ও ১.৫০% বিকাশ অনলাইন ফি এর পরিমাণ দেখাবে এবং বিকাশ পেমেন্ট অপশন চালু হবে। পেমেন্টের জন্য বিকাশ অপশনে ক্লিক করতে হবে।

৭. বিকাশে পেমেন্টের জন্য প্রথমে যে বিকাশ নম্বর থেকে টাকা পেমেন্ট করা হবে সেই বিকাশ নম্বরটি দিয়ে

**Confirmed** অপশনে ক্লিক করলে ঐ নম্বরটিতে ৬ ডিজিটের একটি OTP(One Time Password) যাবে সেইটি ইনপুট দিতে হবে। এর পর **Confirmed** এ ক্লিক করলে বিকাশ একাউন্টের পিন নম্বর চাইবে। বিকাশ পিন নম্বর দিয়ে **Confirmed** এ ক্লিক করলে পেমেন্ট সম্পন্ন হবে এবং পূরণকৃত ফর্ম এর লিংক দেখাবে।

৮. এই ফর্মটি ডাউনলোড করে নিবে এবং প্রিন্ট করে সংরক্ষণ করবে। ফর্মে শিক্ষার্থীর তথ্য, অর্থ পরিশোধের বিবরণ, শিক্ষার্থীর আইডি ইত্যাদি থাকবে।

➤ ভর্তির সকল কার্যক্রম অনলাইনে পরিচালিত হবে বিধায় ভর্তির কার্যক্রম নিজ দায়িত্বে সম্পন্ন করতে হবে এবং ভর্তির পেমেন্টের অনলাইন কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

➤ বিশেষ প্রয়োজনে যোগাযোগ : জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম, সহযোগী অধ্যাপক, অর্থনীতি

মোবাইল নম্বর: ০১৯১৫৮১৮৬৩০

প্রফেসর রেহানা আখতার ইয়াছমীন

অধ্যক্ষ

বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম